যে লোক মৃত ব্যক্তিকে গোসল দিবে অতঃপর তার কোনো দোষ-ত্রুটি দেখলে তা গোপন রাখবে, আল্লাহ তাকে চল্লিশ বার ক্ষমা করবেন।

আবূ রাফি‘ আসলাম রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যে লোক মৃত
ব্যক্তিকে গোসল দিবে অতঃপর তার কোনো দোষ-ত্রুটি দেখলে তা গোপন রাখবে, আল্লাহ
তাকে চল্লিশ বার ক্ষমা করবেন।” [সহীহ] [এটি বাইহাকী বর্ণনা করেছেন। - এটি হাকিম বর্ণনা করেছেন। - এটি তাবরানী বর্ণনা করেছেন।]

এ হাদীসে মৃত ব্যক্তিকে গোসলদানকারীর মর্যাদা বর্ণনা করা হয়েছে যিনি তার কোনো দোষ-ত্রুটি দেখলে তা গোপন রাখে। মৃতব্যক্তির মধ্যে দু’ধরণের অপছন্দনীয় জিনিস পরিলক্ষিত হতে পারে। প্রথম প্রকার হলো, তার অবস্থা সম্পর্কে। দ্বিতীয় প্রকার হলো তার শারীরিক সম্পর্কে। প্রথম ধরণের পরিবর্তন যেমন, গোসলদানকারী দেখল যে মৃতব্যক্তির চেহারা পরিবর্তন হয়ে গেছে এবং তা কুৎসিত কালো হয়ে গেছে। এটা কখনো কখনো তার খারাপ পরিণতির প্রমাণ বহন করে। (আমরা আল্লাহর কাছে এ ধরণের পরিণতি থেকে পানাহ চাই) সুতরাং গোসলদানকারীর জন্য মানুষের কাছে এভাবে বলা জায়েয নয় যে, আমি অমুক ব্যক্তিকে এরূপ পেয়েছি। কেননা এভাবে বলা তার দোষ-ত্রুটি প্রকাশ করা; অথচ সে তার রবের কাছে চলে গেছে এবং অচিরেই আল্লাহ ন্যায়পরায়ণতার সাথে বা তাঁর অনুগ্রহে তার প্রাপ্য প্রতিদান দান করবেন। দ্বিতীয় ধরণের দোষ, যেমন তার পিঠে কোনো প্রকার ত্রুটি রয়েছে যা সে তার জীবদ্দশায় মানুষের থেকে আড়াল রেখেছে, যে ব্যক্তি তা গোপন রাখবে সে মহান আল্লাহর কাছে অশেষ প্রতিদান ও চল্লিশবার ক্ষমা লাভ করবে।

http://sunnah.global/hadeeth/bn/show/6402